

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৯২

খোয়াই, ১৮ জানুয়ারি, ২০২৫

**খোয়াই মহকুমায় সহায়কমূল্যে ধান ক্রয়**

খোয়াই মহকুমায় গতকাল থেকে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করার কাজ শুরু হয়েছে। খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) অফিসটিলাস্থিত সরকারি খাদ্যগুদাম প্রাঙ্গণে এক অনুষ্ঠানে সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা করেন। আগামী ২০ জানুয়ারি পর্যন্ত এই ধান ক্রয় কেন্দ্রে কৃষকদের কাছ থেকে প্রতি কেজি ধান ২৩ টাকা দরে ক্রয় করা হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য, ভাইস চেয়ারম্যান উত্তম অধিকারী, খোয়াই ব্লকের অতিরিক্ত বিডিও নেপাল নাথ, মহকুমা কৃষি তত্ত্বাবধায়ক শ্রীকান্ত নাথ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডিসিএম হেমন্ত ধর। উল্লেখ্য, গতকাল খোয়াই মহকুমার মোট ৩৮ জন কৃষকের কাছ থেকে ৯৭ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে।

\*\*\*\*\*